গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮৫ তারিখ: ২৮ কার্তিক ১৪২৬
১৩ নভেম্বর ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**

**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**আজ ১৩ নভেম্বর ২০১৯ খ্রীঃ রাত ০১টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই।

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।**

**পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**কুয়াশাঃ ভোরের দিকে দেশের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.৪ | ৩০.৪ | ৩১.৬ | ৩১.১ | ৩২.০ | ৩১.০ | ৩১.৮ | ৩১.২ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৮.৫ | ১৯.৫ | ১৯.৭ | ১৮.৪ | ১৭.৩ | ১৬.৩ | ১৭.০ | ২০.২ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩২.০$^{o}$ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৬.৩$^{o}$ সেঃ।**

## অগ্নিকান্ডঃ

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ১১/১১/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১২/১১/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৮। | খুলনা | ১ | ০ | ০ |
| | **মোট** | **১১** | **০** | **০** |

**'ঘূর্ণিঝড় বুলবুল' সংক্রান্ত তথ্যঃ**

সংশ্লিষ্ট জেলা প্রশাসন থেকে প্রাপ্তির পর 'ঘূর্ণিঝড় বুলবুল' এ ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ তথ্য দেওয়া হবে।

'ঘূর্ণিঝড় বুলবুল' এ ৯ (নয়) জন নিহত হয়। নিহত ব্যক্তিদের তালিকাঃ

| ক্রঃ নং | জেলার নাম | নিহত ব্যক্তির নাম | মৃত্যুর কারণ |
|---|---|---|---|
| ১। | খুলনা | (১) প্রমীলা মন্ডল (৫২), স্বামী সুভাষ মন্ডল, উপজেলা- দাকোপ<br>(২) আলমগীল (৩৫), পিতা- সফিউদ্দিন, সেনহাটি, দিঘলিয়া, খুলনা | ১০/১১/২০১৯খ্রিঃ তারিখ খুব ভোরে অনুমতি ছাড়া আশ্রয়কেন্দ্র ত্যাগ করে নিজের বাড়ীতে যাওয়ার পরে রান্না ঘরে গাছ চাপা পড়ে |
| ২। | পটুয়াখালী | (১) হামিদ কাজী (৬৫), ইউনিয়ন- মাধবখালী, উপজেলা- মির্জাগঞ্জ। | ঘরের ওপর গাছ পড়ে |
| ৩। | বরগুনা | (১) মোসাম্মাৎ হালিমা খাতুন (৬৩), স্বামী- মোঃ মোজাম্ফর, গ্রাম- ৬ নং বানাই, ইউনিয়ন- মাধবখালী, উপজেলা- মির্জাগঞ্জ | আশ্রয়কেন্দ্রে হার্ট এ্যাটাকে |
| | | (২) মহিবুল্লা (৪০), গ্রাম- ছোট লবন গোলা, ইউনিয়ন- বুড়ির চর, বরগুনা সদর, বরগুনা | গাছ চাপা পড়ে |
| ৪। | বাগেরহাট | (১) সামিয়া (১৫), পিতা- বাবুল শেখ, গ্রাম- ভরসাপুর, উপজেলা- রামপাল<br>(২) হিরা বেগম (২৫), স্বামী- মাসুম শেখ, গ্রাম- চাকুলি বেতাগা, উপজেলা- ফকিরহাট | গাছ চাপা পড়ে |
| ৫। | বরিশাল | (১) আশালতা মজুমদার (৬৫), স্বামী- মৃত দিজেন্দ্র মজুমদার, পৌরসভা- উজিরপুর, ওয়ার্ড নং ১, উজিরপুর। | ঘরের ওপর গাছ পড়ে |
| ৬। | পিরোজপুর | (১) ননী মন্ডল (৫৫), পিতা- নীল কমল মন্ডল, গ্রাম- লরা সাচিয়া, মালিখালি ইউনিয়ন, নাজিরপুর, পিরোজপুর | গাছ চাপা পড়ে |

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ হতে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**রেল দূর্ঘটনাঃ**

**ব্রাহ্মনবাড়িয়াঃ** জেলা প্রশাসন, ব্রাহ্মনাবাড়িয়া থেকে টেলিফোনে জানানো হয়েছে যে, আজ ১২/১১/২০১৯খ্রিঃ তারিখ ভোর রাত ৩.৩০টায় ব্রাহ্মনবাড়িয়া জেলার মন্দবাগ এলাকায় চট্টগ্রাম থেকে ঢাকাগামী তুর্না নিশিতা ট্রেনের সাথে সিলেট থেকে চট্টগ্রামগামী উদয়ন ট্রেনের মুখোমুখি সংঘর্ষ ঘটে। এ সংঘর্ষে এ পর্যন্ত ১৬ জনের মৃত্যুর ও ৭৭ জন লোক আহত হয়েছে।

**ট্রলার ডুবিঃ**

**ভোলাঃ** জেলা প্রশাসন, ভোলার পত্র নং ৫১.০১.০৯০০.০০০.০৭.০০২.১৯.৬৬৮, তারিখঃ ১২/১১/২০১৯খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, গত ১০/১১/২০১৯খ্রিঃ তারিখ ভোর ৬.৩০টায় ২৪ জন জেলে চাঁদপুরে মাছ বিক্রয় শেষে ভোলা চরফ্যাশনে ফেরার পথে ভোলার সীমান্তবর্তী বরিশালে মেহেন্দ্রীগঞ্জ এলাকায় মেঘনা নদীতে প্রচন্ড ঢেউয়ের আঘাতে আমাজান-২ নামক একটি ট্রলার উল্টে যায়। স্থানীয় জনসাধারণের সহায়তায় ১০ জন জেলেকে তাৎক্ষণিকভাবে উদ্ধার করা সম্ভব হয়। অবশিষ্ট জেলেসহ ট্রলার নিখোঁজ হয়ে যায়। ১০/১১/২০১৯খ্রিঃ তারিখ বারিশালের মেহেন্দীগঞ্জ উপজেলার মেঘনা নদী এলাকায় ট্রলারটি পাওয়া যায়। ট্রলারটি থেকে ১০ জনের লাশ পাওয়া যায়। মৃত ব্যক্তিদের নাম ঠিকানা নিম্নে দেয়া হলো।

১। মোঃ মফিজ, পিতা- সোলেমান মাঝি, ৬নং ওয়ার্ড, আবু বকরপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
২। মোঃ রফিক বিশ্বাস, পিতা- জামাল বিশ্বাস, ৪ নং ওয়ার্ড, আবু বকরপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৩। মোঃ কামাল, পিতা- মৃত নুরুল হক, ৬নং ওয়ার্ড, আবু বকরপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৪। মোঃ বিল্লাল, পিতা- ইসমাইল খান, ৪ নং ওয়ার্ড, উঃ শিবা, আব্দুল্লাহপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৫। মোঃ হাছান মোল্লা, পিতা- আঃ কাদের, ৪ নং ওয়ার্ড, উঃ শিবা, আব্দুল্লাহপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৬। মোঃ আব্বাস, পিতা- মফিজ, ৪ নং ওয়ার্ড, উঃ শিবা, আব্দুল্লাহপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৭। মোঃ নজরুল ইসলাম, পিতা- ইয়াছিন পাটোয়ারী, ফরিদাবাদ, নুরাবাদ ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৮। মোঃ কবির, পিতা- মোসলেউদ্দিন মাঝি, ৭ নং ওয়ার্ড, ফরিদাবাদ, নুরাবাদ ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
৯। মোঃ নুরনবী, পিতা- আঃ কাদের, ৫ নং ওয়ার্ড, নুরাবাদ ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।
১০। মোঃ খোরশেদ আলম, পিতা- মৃত মোফাজ্জাল, উঃ শিবা, আব্দুল্লাহপুর ইউনিয়ন, চরফ্যাশন, ভোলা।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক প্রত্যেক মৃত ব্যক্তির পরিবারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে প্রদান করা হয়েছে।

**২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।**

১৫-১১-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৮৫/১(৬৫)

তারিখ: ২৮ কার্তিক ১৪২৬
১৩ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

১৫-১১-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা